জাতীয়বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১৬(০১) জাতী: বি:/স্কিল বেইজ্‌ড পিজিডি/২০২৩-২০২৪/৫০১৪ তারিখ:- ০৬/০৬/২০২৩

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রাম (২য় ব্যাচ)

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admisssions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ০১ বছর (দুই সেমিস্টার) মেয়াদি স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামে (২য় ব্যাচ) নিম্নবর্ণিত বিষয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ১৫/০৬/২০২৩ থেকে ১৫/০৭/২০২৩ তারিখ রাত ১২ টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ১৮ জুলাই ২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

<u>ভর্তির বিষয়সমূহ নিম্নরূপ</u>

১. ল্যাংগুয়েজ (ইংরেজি)
২. ল্যাংগুয়েজ (আরবি)
৩. অন্ট্রাপ্রেনারশিপ (শিল্পোদ্যোগ)
৪. ডিজিটাল মার্কেটিং
৫. আইসিটি ইন অ্যাকাউন্টিং এন্ড বিজনেস
৬. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট
৭. ট্যুরিজম এন্ড ট্রাভেল ম্যানেজমেন্ট
৮. ক্যাপিটাল মার্কেট এন্ড ইনভেস্টমেন্ট
৯. সাইবার সিকিউরিটি
১০. ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি)
১১. ডেটা অ্যানালাইটিক্স
১২. ফার্মিং টেকনোলজি

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলি

ক. জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে-কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান)/ সমমান ডিগ্রিধারী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্তানুযায়ী যোগ্য বিবেচিত হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামে শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে।

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়/ অন্য যে-কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে (একই সেশনে) অধ্যয়নরত কোন প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্তের ব্যত্যয় করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিলের অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

গ. আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড

ক. আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (*www.nu.ac.bd/admissions*) **Master's Tab** থেকে **Apply Now (Skill-based PGD Program)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও প্রার্থীদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পরীক্ষার মার্কশিটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে।

খ. ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120 x 150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.** আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে প্রার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ. কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** সিলেক্ট করে **(Skill-based PGD Program) Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবেন। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবেন। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবেন। তবে কোন প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন **(gateway)** অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর ফরম বাতিল করতে পারবেন না।

ঘ. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(Gateway)** এর মাধ্যমে অথবা সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে-কোন শাখায় প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে।

৩। পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড

ক. পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway)-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য প্রেরণ করা হবে। এ পর্যায়ে আবেদনকারী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login (Skill-based PGD Program)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবেন।

খ. প্রাথমিক আবেদন ফরম ব্যতীত কোন আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

গ. প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করতে নিচের নির্দেশনাটি অনুসরণ করুন :
[অনলাইনে আবেদন করুন] → [পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন] → পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে-কোন শাখায় জমা দিন]

৪। মেধাক্রম নির্ধারণে নম্বর বন্টন পদ্ধতি

ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক/সমমান পরীক্ষার ফলাফল, ভর্তি পরীক্ষা (লিখিত) এবং ভর্তি পরীক্ষা (মৌখিক)-এর নম্বরের ভিত্তিতে মেধাতালিকা নির্ধারণ করা হবে।

নম্বর বন্টন

এসএসসি, এইচএসসি, স্নাতক/সমমান পরীক্ষার ফলাফল	ভর্তি পরীক্ষা (লিখিত)	ভর্তি পরীক্ষা (মৌখিক)	মোট নম্বর
৫০	৪০	১০	১০০

৫। প্রাথমিক আবেদন ও ভর্তির সময়সূচি

ক.	ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	০৬/০৬/২০২৩
খ.	অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ	১৫/০৬/২০২৩ থেকে ১৫/০৭/২০২৩
গ.	সোনালী সেবার মাধ্যমে ফি জমাদান আবেদনকারী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে আবেদন ফি জমাদিতে হবে। (Pay Slip এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ০২১৮১১০০০০২৭০১ উল্লেখপূর্বক টাকার অঙ্ক লেখা থাকবে।)	১৯/০৬/২০২৩ থেকে ১৮/০৭/২০২৩
ঘ.	লিখিত পরীক্ষার তারিখ ও স্থান [লিখিত পরীক্ষার স্থান: ১০২, ইসলাম টাওয়ার (৬ষ্ঠ তলা), শুক্রাবাদ, ঢাকা।]	২৮/০৭/২০২৩ (বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত)
ঙ.	লিখিত পরীক্ষা ফলাফল প্রকাশ	৩০/০৭/২০২৩
চ.	মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান [মৌখিক পরীক্ষার স্থান: ১০২, ইসলাম টাওয়ার (৬ষ্ঠ তলা), শুক্রাবাদ, ঢাকা।]	০৪/০৮/২০২৩ (সময়: সকাল ১০.৩০ টা)
ছ,	চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ	০৮/০৮/২০২৩
জ.	পে-স্লিপ ডাউনলোড ও ভর্তির তারিখ	১৩/০৮/২০২৩ থেকে ২৪/০৮/২০২৩
ঝ.	ক্লাস শুরুর তারিখ (ক্লাস : ১০২,ইসলাম টাওয়ার (৬ষ্ঠ তলা), শুক্রাবাদ, ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।)	৩০/০৮/২০২৩

৬। পিজিডি প্রোগ্রামের ফি

ক. প্রাথমিক আবেদন ফি: ৫০০.০০ (পাঁচশত) টাকা

খ. ভর্তি ও টিউশন ফি :

খাত	ফি
চূড়ান্ত ভর্তি ফি	১,০০০.০০
রেজিস্ট্রেশন ফি	২,০০০.০০
টিউশন ফি (৩,০০০.০০x১২ মাস)	৩৬,০০০.০০
প্রোগ্রাম, সমন্বয়, ক্রীড়া ও সংস্কৃতি, বিএনসিসি ও রোভার স্কাউট	২,০০০.০০
লাইব্রেরি কশন মানি (ফেরতযোগ্য)	৩,০০০.০০
পরীক্ষা সংক্রান্ত ফি (১ম ও ২য় সেমিস্টার) ক) কোর্স ফি (৯টি কোর্স × ১,০০০.০০)= ৯,০০০.০০ খ) কেন্দ্র ফি (২টি সেমিস্টার × ২,০০০/-)= ৪,০০০.০০	১৩,০০০.০০
সেমিনার উন্নয়ন ফি	৩,০০০.০০
সর্বমোট=	৬০,০০০.০০

বি:দ্র: স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামের প্রতিটি কোর্সের ০১(এক) বছরের ফি সর্বসাকুল্যে ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা, যা চারটি সমান কিস্তিতে গ্রহণ করা হবে। প্রথম কিস্তির ১৫,০০০/- (পনের হাজার) টাকা ভর্তির সময় জমা দিতে হবে এবং পরবর্তী তিনটি কিস্তি পরিশোধের তারিখ পরবর্তীকালে জানানো হবে।

- ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন : হেল্প ডেস্ক: ১০২, ইসলাম টাওয়ার (৬ষ্ঠ - ৮ম তলা), শুক্রাবাদ, ঢাকা। ফোন (অফিস): ০১৬৮৪২০৫৫৯১, ০১৭২৫১৭২০৩৩, ০১৬৭৩৮৩৬০৯৪। **Email:** pgdeanoffice@gmail.com, nuskillbasedpgdprograms@gmail.com
- এই ভর্তি কার্যক্রমের যে-কোন নিয়মাবলি/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৬.০৬.২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০১৭৮০-৪৫৫৬১৭
ই-মেইল ঃ m.kashem@nu.ac.bd

স্মারক নং: ১৬(০১) জাতী: বি:/স্কিল বেইজ্‌ড পিজিডি/২০২৩-২০২৪/৫০১৪ **তারিখ:- ০৬/০৬/২০২৩**

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. সকল বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, তথ্য প্রযুক্তি দপ্তর , জাতীয় বিশ্ববিদ্যালয় [বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং স্ক্রলে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধ করা হলো]
৭. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় [বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরজন্য অনুরোধ করা হলো]
৮. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। [বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৯. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৫. অফিস কপি / নোটিশ বোর্ড

০৬.০৬.২০২৩

(মোহাম্মদ আবদুল মালেক)
উপ-রেজিস্ট্রার (স্কিল-বেইজ্‌ড পিজিডি)
জাতীয় বিশ্ববিদ্যালয়